দৈনিক ইনকিলাব
তারিখঃ ১৮-০১-২০২৩ (পৃঃ ০৩)

# জলবায়ু ঘাতসহিষ্ণু ১০টি শস্যের জাত উদ্ভাবিত হয়েছে : কৃষিমন্ত্রী

**স্টাফ রিপোর্টার :** জলবায়ু সহিষ্ণু শস্য উদ্ভাবনে কৃষি গবেষণা প্রতিষ্ঠান বিভিন্ন জাত ও প্রযুক্তির গবেষণা করছে বলে জানিয়েছেন কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক। জাতীয় সংসদ অধিবেশনে প্রশ্নোত্তর পর্বে তিনি আরো জানান, সম্প্রতি ১০টি শস্যের জলবায়ু ঘাতসহিষ্ণু জাত উদ্ভাবিত হয়েছে।

গতকাল মঙ্গলবার স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে অধিবেশনে এ সংক্রান্ত প্রশ্নটি উত্থাপন করেন আওয়ামী লীগের সংসদ সদস্য মোরশেদ আলম। লিখিত উত্তরে মন্ত্রী আরো জানান, জলবায়ু সহিষ্ণু শস্য উদ্ভাবনে কৃষি গবেষণা প্রতিষ্ঠান বিভিন্ন জাত ও প্রযুক্তির গবেষণা কার্যক্রম পরিচলনা করছে। সম্প্রতি ৩টি প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে ১০টি জলবায়ু ঘাতসহিষ্ণু জাত উদ্ভাবিত হয়েছে।

একই প্রশ্নের জবাবে মন্ত্রী জানান, উপকূলীয় বরিশাল ও খুলনা অঞ্চলে পানি সম্পদ ও মাটির লবণাক্ততা ব্যবস্থাপনার মাধ্যমে ফসলের নিবিড়তা বৃদ্ধিকরণ শীর্ষক উন্নয়ন কর্মসূচির আওতায় দেশের দক্ষিণাঞ্চলে লবণাক্ত পতিত জমিতে লবণাক্ততা সহনশীল উচ্চ ফলনশীল বোরো ধান যেমন ব্রি ধান৪৭, ব্রি ধান৬৭, ব্রি ধান৯৭ ও ব্রি ধান১৯ জাতগুলো বিস্তারের মাধ্যমে পতিত জমি ধান চাষের আওতায় আনা সম্ভব হয়েছে, যা দেশের মোট ধান উৎপাদনে বিশেষ ভূমিকা রাখছে। এ কার্যক্রম ভবিষ্যতেও থাকবে।